লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০১৭

বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এর ধারা ৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ এতদ্বারা নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**। — (১) এই প্রবিধানমালা লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**। — (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় —

(ক) ''আইন'' অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) ''কর্তৃপক্ষ'' অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ৩ এর উপধারা (১) বিধান অনুসারে গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) ''ইসলামী জীবন বীমা (ফ্যামিলি তাকাফুল)'' অর্থ কোন ব্যক্তি, ব্যক্তি শ্রেণী এবং তাদের পরিবারের কল্যাণার্থে গঠিত কোন ইসালামী জীবন বীমা/ফ্যামিলি তাকাফুল; এবং

(ঘ) ''অংশগ্রহণকারী'' অর্থ ইসলামী জীবন বীমা/তাকাফুল ব্যবসায়ের কোন পলিসি গ্রাহক, যেক্ষেত্রে ঐ ব্যক্তি ঝুঁকি এবং বিনিয়োগ তহবিলে অংশগ্রহনের কারণে পলিসির সুবিধা লাভের অধিকারী, এবং মৃত অংশগ্রহণকারীদের উত্তরাধীকারীরাও ইহার অর্ন্তভূক্ত।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

৩। **সম্পদের মূল্যায়ন**। — তফসিল ১ অনুসারে FORM - VA মোতাবেক প্রত্যেক জীবন বীমাকারী সম্পদের মূল্যের একটি বিবরণী প্রস্তুত করিবেন।

৪। **দায়ের পরিমাণ নির্ধারণ**। — তফসিল ২ অনুসারে FORM - VL মোতাবেক জীবন বীমাকারী দায়ের পরিমাণের একটি বিবরণী প্রস্তুত করিবেন।

৫। **সলভেন্সি মার্জিন নির্ধারণ**। — প্রত্যেক জীবন বীমাকারী তফসিল ৩ অনুসারে অবশ্যকীয় সলভেন্সি মার্জিনের জন্য FORM - RSM মোতাবেক এবং প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিনের জন্য FORM - ASM মোতাবেক একটি বিবরণী প্রস্তুত করিবেন।

তফসিল ১

সম্পদের মূল্যায়ন

(প্রবিধান ৩ দ্রষ্টব্য)

১। সম্পদের মূল্য — (১) নিম্নের সম্পদগুলো শূন্যমূল্য হিসাবে গণ্য হইবে :

(ক) বীমা প্রতিনিধির স্থিতি এবং Outstanding premium এর যে পরিমান ০৩ (তিন) মাসের মধ্যে বা আইনের ৩২ ধারার অধীন রীটার্নসমূহ নিরীক্ষক কর্তৃক স্বাক্ষরের তারিখ পর্যন্ত, যাহা পূর্বে ঘটে, আদায় হইয়াছে।

(খ) কতিপয় ঋণ, যতদূর পর্যমত্ম তাহা আদায়যোগ্য নহে;

(গ) আদায়অযোগ্য প্রকৃতির অগ্রিমসমূহ;

(ঘ) আসবাবপত্র, স্থাপিত সরঞ্জমাদি, ডেড-স্টক ও স্টেশনারী মালামাল;

(ঙ) বিলম্বিত ও পূর্বপরিশোধিত দায়সমূহ;

(চ) লাভ ও ক্ষতির হিসাব স্থিতি

(ছ) পুনঃবীমাকারীর তিন মাস অধিককালের অনাদায়ী স্থিতি; ও

(জ) কোম্পানি গঠনে প্রাথমিক ব্যয়সমূহ;

(ঝ) অনাদায়ী প্রিমিয়াম যাহা এক মাসের মধ্যে অথবা বীমা আইন, ২০১০ এর ধারা ৩২ মোতাবেক নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যমত্ম, যাহা পূর্বে ঘটে, সংগৃহীত হয় নাই;

(ঞ) এজেন্টের স্থিতি যাহা বীমা আইন, ২০১০ এর ধারা ৩২ মোতাবেক নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যমত্ম সমন্বয় করা হয় নাই।

(২) জীবন বীমাকারীর অন্য সকল সম্পদ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (জীবন বীমা কোম্পানির আর্থিক বিবরণ ও নিরীক্ষকের প্রতিবেদন প্রস্তুত করণ) প্রবিধানমালা, ২০১১ অনুসারে মূল্যায়ন করিতে হইবে।

২।	**সম্পদের বিবরণ** — (১) প্রত্যেক নন লাইফ বীমাকারী FORM VA মোতাবেক সম্পদের একটি বিবরণ প্রস্তুত করিবেন।
	(২) প্রত্যেক বীমাকারী বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (জীবন বীমা কোম্পানির আর্থিক বিবরণ ও নিরীক্ষকের প্রতিবেদন প্রস্তুত করণ) প্রবিধানমালা, ২০১১ অনুসারে একটি সম্পদ বিবরণী প্রস্তুত করিবেন।

FORM - VA

(প্রবিধান ৩ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (জীবন বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০১৭

৩১ ডিসেম্বর, ... খ্রিস্টাব্দে সম্পদের বিবরণ।

জীবন বীমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর .... নিবন্ধনের তারিখ ....

পরিমাণ সহস্র এককে

ক্রমিক নম্বর	সম্পদের শ্রেণী	পলিসিগ্রাহকদের তহবিল	শেয়ারহোল্ডারদের তহবিল	মোট
	(১)	(২)	(৩)	(৪) = (২) + (৩)
১	সঞ্চয়			
২	সরকারি সিকিউরিটি			
৩	ইকুইটিসমূহ			
৪	মিউচুয়াল ফান্ড			
৫	ডিবেঞ্চার/বন্ডসমূহ			
৬	অন্যান্য সিকিউরিটি (নির্দিষ্ট করিতে হইবে)			
৭	সম্পত্তির বিনিয়োগ/রিয়েল এস্টেট			
৮	অন্যান্য সম্পদ (নির্দিষ্ট করিতে হইবে)			

সিডিউল ২

দায় মূল্যায়ন

১। ব্যাখ্যা। এই তফসিলে —

(ক) একচ্যুরিয়্যাল তদন্ত সম্পর্কিত মূল্যায়ন তারিখ বলতে তদন্তের তারিখকেই বুঝায়;

(খ) গাণিতিক মজুদ বলতে বীমা আইন, ২০১০ এর ৩০ ধারা উপ-ধারা (৭) এ উল্লেখিত দায়ের সর্বনিম্ন গানিতিক মজুদকে বুঝায়।

২। গাণিতিক মজুদ নির্ধারণের পদ্ধতি — (১) উপ-প্রবিধান-২ হইতে ৮ অনুযায়ী প্রত্যেক চুক্তির জন্য আলাদাভাবে সম্ভাব্য মূল্যায়ন পদ্ধতিতে গাণিতিক মজুদ নির্ধারণ করিতে হইবে।

(২) মূল্যায়ন পদ্ধতিটিকে নিট প্রিমিয়াম পদ্ধতি বলা হইবে।

(৩) নিট প্রিমিয়াম প্রবিধান ৪ এর ভিত্তিতে এই অনুমানের দ্বারা হিসাব করিতে হইবে যে, পলিসি প্রদান করা হয় ঐ পরিমান প্রিমিয়ামের জন্য যা কিনা বোনাস, অফিস খরচ অথবা অন্যান্য মাসুল ব্যতিত পলিসির মধ্যে অন্তর্ভূক্ত সুবিধাদি প্রদানের জন্য পর্যাপ্ত।

(৪) উপ-প্রবিধান (৩) অনুযায়ী হিসাবকৃত নিট প্রিমিয়াম ঐক্ষেত্রে সমন্বয় করা যেতে পারে, যেক্ষেত্রে সাধারণভাবে গ্রহনীয় একচ্যুরিয়্যাল নীতিসমূহ ব্যবহার করিয়া বড় ধরণের প্রারম্ভিক খরচ আদায়ের জন্য উহা অনুমোদিত।

(৫) মূল্যায়ণ পদ্ধতির ক্ষেত্রে পলিসি দ্বারা নির্ধারিত সকল সম্ভাব্য অনিশ্চিত সম্ভাবনা সমূহ (Contingency) বিবেচনায় নিতে হইবে। মুনাফার সীমা নির্ধারণে একজন বীমাকারীর সুবিধা পরিশোধের ক্ষেত্রে প্রতিষ্ঠিত অনুশীলন (Practices) এবং পলিসি গ্রহকদের যুক্তিসংগত প্রত্যাশা সমূহ বিবেচনায় নিতে হইবে (মেয়াদি বোনাস সহ অন্যান্য বোনাস সমূহ সম্পর্কিত, যদি থাকে)।

(৬) মূল্যায়ন পদ্ধতির ক্ষেত্রে যেকোন ধরণের খরচ বিবেচনায় নিতে হইবে, যাহা পলিসি গ্রাহকের সাথে চুক্তির শর্ত মোতাবেক প্রাপ্তিযোগ্য।

(৭) সকল প্রাসংগিক বিষয়াদির উপর যুক্তিসংগত অনুমানের ভিত্তিতে প্রত্যেক পলিসির অধীনে দায়ের পরিমান নির্ধারণ করিতে হইবে। বীমাকারীর প্রত্যাশিত অভিজ্ঞতা সহ যথাযথ মার্জিনের জন্য একটি প্রতিকূল Deviation যার ফলে গাণিতিক মজুদের পরিমান বৃদ্ধি হতে পারে তার ভিত্তিতে এরূপ প্রত্যেক বিষয়াদির মূল্য নির্ধারণ করিতে হইবে।

(৮) যেক্ষেত্রে একটি পলিসি সম্পর্কিত গাণিতিক মজুদ নীতিবাচক হতে পারে (নীতিবাচক মজুদ হিসেবে কথিত), সেক্ষেত্রে নিয়োজিত একচ্যুয়ারী এরূপ গাণিতিক মজুদকে শূণ্য মূল্য হিসেবে নির্ধারণ করিবেন।

(৯) যেসকল ক্ষেত্রে জীবন বীমাকারী নির্ধারিত সারেন্ডার ভ্যালুর নিশ্চয়তা প্রদান করায় কোন পলিসি সম্পর্কে গাণিতিক মজুদের পরিমান মূল্যায়ন তারিখের প্রাপ্তিযোগ্য সারেন্ডার ভ্যালুর (নিশ্চয়তাকৃত সারেন্ডার ভ্যালুর অপর্যাপ্ত মজুদ বলিয়া কথিত) নিশ্চয়তা অপেক্ষা কম হয় সেক্ষেত্রে নিয়োজিত একচ্যারি গাণিতিক মজুদকে নিশ্চয়তাকৃত সারেন্ডার ভ্যালু হিসেবে নির্ধারণ করিবেন।

(১০) উপ-প্রবিধান (৮) এবং (৯) উল্লিখিত ক্ষেত্রসমূহ ব্যতিত সকল ক্ষেত্রে কোন পরিবর্তন ব্যতিত এরূপ গাণিতিক মজুদের পরিমান হিসেবে ব্যবহার করিতে হইবে।

(১১) দায়ের পরিমান হিসাব করিবার পদ্ধতি এবং মূল্যায়ন সীমা নির্ধারণ অনুমানের পদ্ধতি এক বৎসর হইতে অন্য বৎসরে ইচ্ছাধীন বাধাগ্রস্ততা সাপেক্ষ হইবে না।

(১২) যদি নিয়োজিত একচ্যুয়ারীর নীট প্রিমিয়াম মূল্যায়ন পদ্ধতি ব্যতিত অন্য কোন মূল্যায়ন পদ্ধতি প্রয়োগ করা যুক্তিযুক্ত মনে করেন, তবে সেই পদ্ধতি ব্যবহার করা যাইবে। তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে নিয়োজিত একচ্যুয়ারীকে সন্তুষ্ট হইতে হইবে, যে নীট প্রিমিয়াম পদ্ধতি প্রয়োগের মাধ্যমে অর্জিত অর্থ গানিতিক মজুদের পরিমানের সমান হইবে বলিয়া প্রত্যাশা করা যায়।

(১৩) নিয়োজিত একচ্যুয়ারীকে তার প্রতিবেদনে ব্যাখ্যা করিতে হইবে যেকোন পদ্ধতি ব্যবহার করা হইয়াছে এবং এরূপ পদ্ধতি কেন ব্যবহার করা হইয়াছে।

(১৪) গাণিতিক মজুদের পরিমান নির্ধারনের ক্ষেত্রে ঐ সকল দায়ের সম্পদের শর্ত ও প্রকৃতি এবং আরোপিত মূল্যসহ বীমাকারী যে সকল সম্পদ দিয়ে পলিসি হতে উদ্ভুত দায়সমূহ পরিশোধ করিতে যেসব সম্পদের ভবিষ্যৎ মূল্য পরিবর্তনের প্রভাবের বিরুদ্ধে যেসব বিধি-বিধান আছে তা বিবেচনায় নিতে হইবে।

৩। পলিসি বাছাইঃ যেক্ষেত্রে একটি পলিসির মধ্যেই বাছাই এর সুবিধা থাকে সেক্ষেত্রে পলিসি গ্রাহক কর্তৃক ঐ সুবিধা ব্যবহার করা যেতে পারে, যেমন কোন সুস্বাস্থ্যের প্রমাণ ছাড়াই ভবিষ্য কোন তারিখে Additional Coverage এ রূপামন্তর, বার্ষিক নিশ্চয়তার মাতৃত্বকালীন চুক্তি ইত্যাদি, এইরূপ বাছাই এর খরচ গাণিতিক মজুদ হিসাবের ক্ষেত্রে বিশেষ cash Flow হিসেবে নির্ধারিত এবং বিবেচিত হইবে।

৪। বিষয়াদির (Parameters) মূল্যায়নঃ (১) বিষয়াদির মূল্যায়ন গাণিতিক মজুদ হিসাব করিবার ভিত্তি তৈরী করবে। প্রত্যেক বিষয়াদি মূল্যায়িত ব্যবসার প্রকৃতির সাথে যথাযথ হইবে।

(২) ব্যবহৃত মৃত্যু হার বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত মৃত্যু হার সারণী অনুযায়ী হইবে।

(৩) ব্যবহৃত রুগ্নতার হার যে সারণীর দ্বারা নির্দেশিত হইবে তার ব্যবহারের সঠিকতা নিয়োজিত একচ্যুয়ারী কর্তৃক যাচাই করা যাইবে।

(৪) দায় মূল্যায়নের জন্য নিয়োজিত একচ্যুয়ারী কর্তক ব্যবহৃত মুনাফার হার মূল্যায়ন হইবে অংশ গ্রহণকারী পলিসি সমূহের জন্য সর্বোচ্চ ৪% হারে এবং অংশগ্রহণে বিরত পলিসি সমূহের জন্য সর্বোচ্চ ৭% হারে।

৫। পুণঃবীমার প্রয়োগঃ এই প্রবিধান বীমা ব্যবসায়ের মোট পুণঃবীমা ও নিট পুণঃবীমা মূল্যায়নের উভয়ক্ষেত্রে প্রয়োগযোগ্য হইবে।

৬। সংযুক্ত ব্যবসায়ের জন্য অতিরিক্ত শর্তাবলীঃ (১) সংযুক্ত ব্যবসায়ের মজুদ দুইটি উপাদানের সমন্বয়ে গঠিত হবে, যথা-একক মজুদ এবং সাধারণ মজুদ তহবিল।

(২) বলবৎ যোগ্য পলিসি সমূহের মূল্যায়নের তারিখে এককের মূল্যের ব্যবহার করিয়া একক মজুদ হিসাব করিতে হইবে।

(৩) সাধারণ মজুদ তহবিল (Non Unit Reserves) নির্ধারণে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনায় নিতে হইবে, যথা-

(ক) মৃত্যুর সুবিধা, যদি থাকে, যা কিনা সাধারণ তহবিলের দ্বারা সরবরাহকৃত প্রত্যেক এককের মূল্যের অধিক;

(খ) সাধারণ তহবিল হইতে ব্যয়িত ব্যবস্থাপনা ব্যয়;

(গ) নিশ্চয়তা, যদি থাকে, যা কিনা প্রত্যার্পণ মূল্য অথবা নূন্যতম মৃত্যু বা Maturity Charge.

৭। **ইসলামী জীবন বীমা ব্যবসায়/ফ্যামিলি তাকাফুল ব্যবসায়ের শর্তাবলীঃ** (১) ইসলামী জীবন বীমা ব্যবসায় সংক্রামন্ত মজুদ নিম্নোক্ত বিষয় সমন্বয়ে গঠিত হইবে, যথা; ঝুঁকি সংক্রামন্ত সুবিধা প্রদানের জন্য মজুদ এবং বিনিয়োগের জন্য মজুদ।

(২) ঝুঁকি সংক্রামন্ত সুবিধা প্রদানের জন্য মজুদ নির্ধারণের পদ্ধতি, প্রযোজ্য ক্ষেত্রে, তফসিল-২ এর প্যারা-২ এ বর্ণিত পদ্ধতি অনুযায়ী হইবে।

(৩) অংশগ্রহণকারীদের তহবিলের সম্পদের মূল্যকে বিনিয়োগ তহবিল হিসেবে গ্রহণ করিতে হইবে এবং বিনিয়োগের উপাদানের বিপরীতে মজুদ হিসেবে গ্রহণ করিতে হইবে।

৮। **অন্যান্য ব্যবসায়ের শর্তাবলীঃ** এই প্রবিধানমালায় বর্ণিত হয় নাই এমন ব্যবসায় সংক্রামন্ত মজুদ নিয়োজিত একচ্যুয়ারী কর্তৃক সাধারণভাবে গ্রহণীয় একচুয়ারী নীতিমালা দ্বারা নির্ধারণ করিতে হইবে।

৯। **বিধি বিধানের জন্য অতিরিক্ত শর্তাবলীঃ** যেক্ষেত্রে প্রত্যেক পলিসির জন্য একচ্যুরিয়াল মজুদ হিসাব করা সম্ভব নয়, সেক্ষেত্রে একচ্যুয়ারী নিম্নলিখিত বিষয়ে সমন্বিত বিধি-বিধান প্রণয়ন করিবেনঃ

(ক) Under Average, Under Writing এর কারণে যেসকল পলিসির ক্ষেত্রে অতিরিক্ত প্রিমিয়াম ধার্য করা হয়েছে যা কিনা অতিরিক্ত ঝুঁকি সাপেক্ষ যেমন, পেশাগত ঝুঁকি, অতিরিক্ত ওজন, কম ওজন, ধুমপানের ইতিহাস, স্বাস্থ্য, জলবায়ূ বা পরিবেশগত অবস্থা;

(খ) সময় অতিরিক্ত পলিসি যা মুল্যায়নের সম্পৃক্ত হয়নাই কিন্তু যাহাতে কোন ঝুঁকি বিদ্যমান বা ঝুঁকি উদ্ভূত হতে পারে;

(গ) ব্যক্তিগত বা দলগত বীমার ক্ষেত্রে বাছাইয়ের সুযোগ বিদ্যমান রয়েছে;

(ঘ) ব্যক্তিগত বা দলগত বীমার ক্ষেত্রে নিশ্চয়তা বিদ্যমান রয়েছে;

(ঙ) গাণিতিক মজুদ হিসাব করিবার সময় ব্যবহৃত বিনিময় হারে পার্থক্য হওয়ার সম্ভাবনা, যেক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় পলিসি সমূহ ইস্যু করা হয়;

(চ) ব্যয় মজুদ সমূহ যেক্ষেত্রে পণ্যের মূল্য নির্ধারণের মার্জিনকে প্রত্যাশিত ভাবিষ্যৎ ব্যয় অতিক্রম করে;

(ছ) পরিশোধিত পলিসি সমূহের প্রতাশিত ভবিষ্যৎ ব্যয়ের জন্য মজুদ সমূহ;

(জ) প্রিমিয়াম পরিশোদের সময় অতিবাহিত হওয়ার পর সীমিত প্রিমিয়াম পরিশোধিত পলিসি সমূহের প্রত্যাশিত ভবিষ্য ব্যয়ের জন্য মজুদ সমূহ;

(ঝ) অন্যান্য, যদি থাকে।

দায় বিবরণীঃ (১) প্রত্যেক বীমাকারী Form-VL মোতাবেক একটি দায় বিবরণী প্রস্তুত করিবে;

(২) প্রত্যেক বীমাকারী উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (একচ্যুরিয়াল প্রতিবেদন ও সার সংক্ষেপ) প্রবিধানমালা, ২০১১ মোতাবেক একটি বিবরণী প্রস্তুত করিবে।

FORM - VL

(প্রবিধান ৪ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (জীবন বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০১৭

৩১ ডিসেম্বর, ... খ্রিস্টাব্দে দায়মূল্যায়নের বিবরণ।

জীবন বীমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর .... নিবন্ধনের তারিখ ....

পরিমাণ সহস্র এককে

বিবরণ	বোনাসের ব্যয়সহ গানিতিক মজুদ, যেক্ষেত্রে প্রযোজ্য, বরাদ্দ
১। অসংযুক্ত ব্যবসায় ১.০১. ব্যক্তিগত ব্যবসায় ১.০২. দলগত ব্যবসায় ১.০৩. স্বাস্থ্য বীমা ব্যবসায়	
২। মোট	
৩। সংযুক্ত ব্যবসায় ৩.০১. ব্যক্তিগত ব্যবসায় ৩.০২. দলগত ব্যবসায় ৩.০৩. স্বাস্থ্য বীমা ব্যবসায়	
৪। মোট	
৫। ইসলামী জীবন বীমা/ফ্যামিলি তাকাফুল ৫.০১. ঝুঁকির বিষয়াদি (ক) ব্যক্তিগত ব্যবসায় (খ) দলগত ব্যবসায় (গ) স্বাস্থ্য বীমা ব্যবসায়	
৬। মোট	
সর্বমোট (২) + (৪) + (৬)	

তফসিল-৩

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

জীবন বীমাকারীর সলভেন্সি মার্জিন নির্ধারণ

১। ব্যাখ্যা। এই তফসিলে—

(খ) 'প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন' অর্থ জীবন বীমা দায়ের মূল্য (FORM - VL এ যুক্ত) এবং পলিসিগ্রাহকদের তহবিল ও শেয়ারহোল্ডারদের তহবিলের উপর সম্পদের মূল্যের (FORM - VA এ যুক্ত) অতিরিক্ত।

(খ) 'সলভেন্সি অনুপাত' অর্থ প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিনের পরিমাণ ও প্রয়োজনীয় সলভেন্সি মার্জিনের পরিমাণের অনুপাত।

২। প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন নির্ধারণ। — প্রত্যেক বীমাকারী FORM - RSM মোতাবেক প্রয়োজনী সলভেন্সি মার্জিন নির্ধারণ করিবেন।

৩। সলভেন্সি মার্জিন নির্ধারণ। — প্রত্যেক বীমাকারী FORM - SM মোতাবেক প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন, প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন ও সলভেন্সি অনুপাত নির্ধারণ করিবেন।

FORM - RSM

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (জীবন বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০১৭

জীবন বীমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর .... নিবন্ধনের তারিখ ....

পরিমাণ সহস্র এককে

বিবরণ	বোনাসের ব্যয়সহ গানিতিক মজুদ যেক্ষেত্রে প্রযোজ্য	দালালী (Factor)	প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন (RSM) (২) × (৩)
(১)	(২)	(৩)	(৪)
১। অসংযুক্ত ব্যবসায়			
১.০৪. ব্যক্তিগত ব্যবসায়		৪%	
১.০৫. দলগত ব্যবসায়		৩%	
১.০৬. স্বাস্থ্য বীমা ব্যবসায়		৩%	
২। মোট			
৩। সংযুক্ত ব্যবসায়			
৩.০৪. ব্যক্তিগত ব্যবসায়		৩%	
৩.০৫. দলগত ব্যবসায়		২%	
৩.০৬. স্বাস্থ্য বীমা ব্যবসায়		২%	
৪। মোট			
৫। ইসলামী জীবন বীমা/ফ্যামিলি তাকাফুল			
৫.০১. ঝুঁকির বিষয়াদি			
(ক) ব্যক্তিগত ব্যবসায়		৪%	
(খ) দলগত ব্যবসায়		৩%	
(গ) স্বাস্থ্য বীমা ব্যবসায়		৩%	
৫.০২. বিনিয়োগ বিষয়াদি		৪%	
৬। মোট			
সর্বমোট (২) + (৪) + (৬)			

FORM - ASM

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (জীবন বীমাকারীর সলভেন্সি মার্জিন) প্রবিধানমালা, ২০১৭

প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন, প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন ও সলভেন্সি অনুপাতের বিবরণ

জীবন বীমাকারীর নাম ....

নিবন্ধন নম্বর .... নিবন্ধনের তারিখ ....

পরিমাণ সহস্র এককে

ক্রমিক নম্বর	বর্ণনা	মমত্মব্য	পরিমাণ
(০১)	(০২)	(০৩)	(০৪)
১ ২ ৩ ৪	পলিসিগ্রাহদের তহবিলে সমন্বয়কৃত সম্পদ গানিতিক মজুদ পলিসিগ্রাহকদের তহবিলের অন্যান্য দায় পলিসিগ্রাহকদের তহবিলে অতিরিক্ত (১-২-৩)	১ ২ ৩	
৫ ৬ ৭	শেয়ারহোল্ডারদের তহবিলে সমন্বয়কৃত সম্পদ শেয়ারহোল্ডারদের তহবিলের অন্যান্য দায় শেয়ারহোল্ডারদের তহবিলে অতিরিক্ত (৫-৬)	৪ ৫	
৮ ৯	প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন (এ.এস.এম.) = (৪+৭) প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন (আর.এস.এম.)		
১০	সলভেন্সি অনুপাত (এ.এস.এম.)/ (আর.এস.এম.)		

টীকা ঃ

১) সমন্বয়কৃত সম্পদ FORM-VA এ উলেস্নখিত পলিসিগ্রাহকদের তহবিলের নিরিখে সম্পদের মূল্য হইবে;

২) মোট দায় FORM-VL এ প্রদর্শিত মোট দায়ের পরিমাণ হইবে;

৩) পলিসিগ্রহকদের তহবিলের অন্যান্য দায় স্থিতিপত্রে উলেস্নখিত পলিসিগ্রাহকদের তহবিল হইতে উদভূত অন্যান্য দায়ের পরিমাণ হইবে;

৪) সমন্বয়কৃত সম্পদ FORM-VA এ প্রদর্শিত শেয়ারহোল্ডারদের তহবিলের নিরিখে সম্পদের মূল্য হইবে;

৫) শেয়ারহোল্ডারদের তহবিলের অন্যান্য দায় স্থিতিপত্রে উলেস্নখিত শেয়ারহোল্ডারদের তহবিল হইতে উদভূত অন্যান্য দায়ের পরিমাণ হইবে;

....	....	....
একচ্যুয়ারীর স্বাক্ষর	ব্যবস্থাপক পরিচালকের স্বাক্ষর	নিরীক্ষকের স্বাক্ষর